**Office of the New York State Attorney General**

**Letitia James | Attorney General**

**Office of the New York Governor**

**Kathy Hochul | Governor**

# বেসরকারি এবং অলাভজনক প্রতিষ্ঠান এবং সত্তাগুলির প্রতি জয়েন্ট অফিস অফ দ্য গভর্নর অ্যান্ড অফিস অফ দ্য নিউ ইয়র্ক স্টেট অ্যাটর্নি জেনারেল এর নির্দেশিকা

## 14 ফেব্রুয়ারি, 2025

### ভূমিকা

এই নির্দেশিকা নথিটি যারা কমিউনিটিগত পরিষেবা এবং পরিসরগুলি প্রদান করে, তাদের বাসিন্দা, গ্রাহক, রোগী, সদস্য এবং কর্মীদের অধিকার রক্ষা করে ফেডারেল অভিবাসন কর্তৃপক্ষের অনুরোধের প্রতিক্রিয়া কীভাবে জানাতে হয় তার মূল্যায়ন করার জন্য সোশ্যাল সার্ভিসেস এজেন্সি এবং পরিষেবা প্রদানকারীদের (গৃহহীনদের আশ্রয়স্থল, পারিবারিক সহিংসতার আশ্রয়স্থল এবং অন্যান্য আবাসিক সুবিধার পাশাপাশি সোশ্যাল সার্ভিসেসের জন্য অ-আবাসিক এবং ড্রপ-ইন সাইট সহ) মতো বেসরকারি এবং অলাভজনক এজেন্সিগুলিকে; গির্জা, সিনাগগ, মসজিদ এবং মন্দিরের মতো উপাসনালয়; চিকিৎসা ও স্বাস্থ্যসেবা সুবিধা; এবং অন্যান্য এজেন্সিকে তথ্য প্রদানের উদ্দেশ্যে তৈরি করা হয়েছে।

এই নির্দেশিকাটি আইনি পরামর্শের উপাদান নয় বা এটি প্রতিটি সম্ভাব্য পরিস্থিতিকে বিস্তারিতভাবে কভার করে না অথবা স্থানীয় আইন ও নীতির বিভিন্নতাগুলি সমাধান করে না। এমন কোনো আইন, প্রবিধান, নীতি, চুক্তির শর্তাবলী এবং অন্যান্য বিবেচনা থাকতে পারে যা একটি সত্তার আচরণকে নিয়ন্ত্রণ করে। আপনার যদি অতিরিক্ত প্রশ্ন থাকে বা যদি আপনার নিজস্ব পরিস্থিতি অনুসারে নীতি নির্ধারণ করতে চান, তাহলে আমরা আপনাকে আপনার প্রতিষ্ঠানের পরামর্শদাতার সাথে আলোচনা করার অনুরোধ করছি। অনুগ্রহ করে মনে রাখবেন যে এই নির্দেশিকাটি বেসরকারি বা অলাভজনক প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য, শহর বা স্টেটের মালিকানাধীন বা লিজ নেওয়া বিল্ডিং এর ক্ষেত্রে নয়। স্টেটের সম্পত্তিগুলি এক্সিকিউটিভ অর্ডার 170.1 এর অধীন। স্কুল ডিস্ট্রিক্টগুলির জন্যও পৃথক নির্দেশিকা রয়েছে, যা এক্সিকিউটিভ অর্ডারের পাশাপাশি এই নথির শেষে থাকা অন্যান্য সংস্থানগুলির সাথে সংযুক্ত।

ডিপার্টমেন্ট অফ হোমল্যান্ড সিকিউরিটির নির্দেশিকা অনুসারে ফেডারেল নাগরিক অভিবাসন বলবৎকরণ কার্যকলাপ থেকে "সংবেদনশীল স্থানগুলিকে" রক্ষা করার পূর্ব নির্দেশিকা বাতিল করার পরে আমাদের অফিসগুলি যে প্রশ্ন এবং অনুরোধগুলি পেয়েছে তার সংখ্যা তীব্র মাত্রায় বৃদ্ধি পাওয়ার পরে এই সংক্ষিপ্ত নির্দেশিকাটি প্রস্তুত করা হয়েছে। এই নির্দেশিকার উদ্দেশ্য হল সংস্থা এবং প্রতিষ্ঠানগুলিকে প্রস্তুত এবং শিক্ষিত করা যাতে তারা যে মানুষ এবং কমিউনিটিগুলিকে পরিষেবা দেয়, তাদের লক্ষ্য এবং তাদের প্রয়োজনীয় কাজের উপর মনোনিবেশ করতে পারে।

## প্রঃ আমার অবস্থানে কি অভিবাসন বলবৎকরণ পদক্ষেপগুলি নেওয়া হবে?

**উঃ** এর আগে, মার্কিন যুক্তরাষ্ট্রের হোমল্যান্ড সিকিউরিটি পলিসি সাধারণত অভিবাসন বলবৎকরণ কর্তৃপক্ষগুলিকে, যেমন ইমিগ্রেশনস অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট (ICE) এর এজেন্টদের, নাগরিক অভিবাসন লঙ্ঘনের জন্য গ্রেপ্তার পরিচালনা করা বা "সংবেদনশীল স্থানে" অন্যান্য নাগরিক অভিবাসন বলবৎকরণ কার্যকলাপে জড়িত হতে নিষেধ করেছিল, যার মধ্যে রয়েছে স্কুল (ডে কেয়ার থেকে কলেজ এবং বিশ্ববিদ্যালয় পর্যন্ত); ডাক্তারি চিকিৎসা এবং স্বাস্থ্যসেবা ফেসিলিটিসমূহ; গির্জা, সিনাগগ, মসজিদ এবং মন্দিরের মতো উপাসনালয়;নাগরিক অভিবাসন বলবৎকরণ কার্যকলাপে জড়িত হতে নিষেধ করেছিল, যার মধ্যে রয়েছে স্কুল (ডে কেয়ার থেকে কলেজ এবং বিশ্ববিদ্যালয় পর্যন্ত); ডাক্তারি চিকিৎসা এবং স্বাস্থ্যসেবা ফেসিলিটিসমূহ; গির্জা, সিনাগগ, মসজিদ এবং মন্দিরের মতো উপাসনালয়; চাইল্ডকেয়ার সেন্টারসমূহ বা পালিত যত্নের ফেসিলিটিগুলির মতো এলাকা শিশুরা যেখানে একত্রিত হয়; "সঙ্কট নিরসন কেন্দ্র, পারিবারিক সহিংসতা এড়ানোর আশ্রয়স্থল, ভুক্তভোগীদের পরিষেবাদান কেন্দ্র, শিশুদের জন্য পক্ষসমর্থন কেন্দ্র, তত্ত্বাবধানে থেকে পরিদর্শন করার কেন্দ্র, পারিবারিক বিচার কেন্দ্র, কমিউনিটি-ভিত্তিক প্রতিষ্ঠান, প্রতিবন্ধিতা থাকা ব্যক্তিদের পরিষেবা প্রদানকারী ফেসিলিটি, গৃহহীনদের আশ্রয়স্থল, মাদক বা মদ্যপান বিষয়ক কাউন্সেলিং এবং চিকিৎসা করার ফেসিলিটি অথবা খাদ্য ব্যাংক বা প্যান্ট্রি বা অন্যান্য প্রতিষ্ঠান যারা অভাবী ব্যক্তিদের খাদ্য বা জীবনের অন্যান্য প্রয়োজনীয় জিনিসপত্র বিতরণ করে;" এবং অন্যান্য কিন্তু তালিকাটি এর মধ্যেই সীমিত নয়। এই অঞ্চলগুলিকে সংরক্ষিত করা হয়েছিল যাতে সমস্ত কমিউনিটির সদস্যরা - মার্কিন যুক্তরাষ্ট্রে থাকার আইনগত অনুমোদন ছাড়াই বসবাসকারী ব্যক্তিরা সহ - নিরাপদে পরিষেবা এবং পরিসরগুলি অ্যাক্সেস করতে পারেন যার উপর তারা নির্ভরশীল এবং এই নীতিগুলি একটি কমিউনিটির স্বাস্থ্য এবং সুস্থতাকে সহায়তা করে।

ডিপার্টমেন্ট অফ হোমল্যান্ড সিকিউরিটি সম্প্রতি এই নীতিগুলি বাতিল করেছে এবং জানিয়েছে যে তারা বলবৎকরণের সিদ্ধান্তগুলি পৃথক কর্মকর্তাদের উপর অর্পণ করেছে।

এর অর্থ হল অভিবাসন কর্মকর্তারা সংবেদনশীল স্থানে বা তার কাছাকাছি গ্রেপ্তারী পরিচালনা করতে চাইতে পারেন। এই কর্মকর্তারা আমাদের কমিউনিটিগুলিতে কত ঘন ঘন এবং কতটা আক্রমণাত্মকভাবে এই কর্তৃত্ব ব্যবহার করবেন তা এখনও দেখার বিষয়। মনে রাখবেন যে অভিবাসন কর্মকর্তারা আপনার প্রতিষ্ঠানের কাছে থাকা তথ্য বিভিন্ন উপায়ে (যেমন, ফোন বা ইমেল, সমন বা ওয়ারেন্ট এর মাধ্যমে অনুরোধ করা) বলবৎকরণে সহায়তা করার জন্য চাইতে পারেন।

## প্রঃ আমার প্রতিষ্ঠান বা সত্তাকে কি এখন অভিবাসন বলবৎকরণ কর্তৃপক্ষের নির্দেশ অনুপালন করতে হবে?

**উঃ** "সংবেদনশীল অবস্থান" নীতি বাতিল করা হলে অভিবাসন বলবৎকরণ কর্তৃপক্ষের উপর প্রযুক্ত চলমান সীমাবদ্ধতাগুলি প্রভাবিত হবে না এবং এর অর্থ এই নয় যে আপনাকে অবশ্যই অভিবাসন এজেন্টদের আপনার ফেসিলিটিতে প্রবেশের অনুমতি দিতে হবে বা অভিবাসন বলবৎকরণ সংস্থার সাথে সম্পর্কিত অনুরোধগুলি অনুপালন করতে হবে। বেসরকারি এবং অলাভজনক সংস্থাগুলি নির্দিষ্ট পরিস্থিতিতে সহযোগিতা করতে অস্বীকার করার ক্ষমতা বজায় রাখে, যেমনটি এরপরে এই নির্দেশিকায় আরো ব্যাখ্যা করা হয়েছে। সাধারণত, ফোর্থ অ্যামেন্ডমেন্ট অনুসারে ব্যক্তিগত সম্পত্তি সংরক্ষিত থাকে, যা অভিবাসন এজেন্টদের আচরণকে সীমিত করে এবং "অযৌক্তিক তল্লাশি করা এবং বাজেয়াপ্ত করার ঘটনা" থেকে সুরক্ষিত রাখে। ফিফথ অ্যামেন্ডমেন্ট অনুসারে মানুষের নীরব থাকার অধিকার রয়েছে। তাছাড়া, আপনার গ্রাহকরা, রোগীরা, বাসিন্দারা প্রমুখদের স্থানীয়, স্টেট এবং ফেডারেল আইনের অধীনে এমন অধিকার থাকতে পারে যা বিশেষভাবে আপনার পরিস্থিতির জন্য প্রযোজ্য। উদাহরণস্বরূপ, এমনকি যখন অভিবাসন কর্মকর্তারা সাধারণত তথ্য পেতে পারেন, তখন তারা আপনার কাছ থেকে যে নির্দিষ্ট তথ্য চান তা HIPAA, FERPA অথবা অ্যাটর্নি-গ্রাহক অগ্রাধিকার দ্বারা সংরক্ষিত থাকতে পারে।

## প্রঃ আমার প্রতিষ্ঠান বা সত্তাকে কি কোনো অভিবাসন কর্মকর্তা, যে কিনা ফেসিলিটিতে থাকা কোনো ব্যক্তির সাথে যোগাযোগের অনুমতি চাইছেন তাকে কি সেই অনুমতি দিতেই হবে?

**উঃ** আপনার ফেসিলিটির মধ্যে থাকা সর্বসাধারণের এলাকা এবং ব্যক্তিগত এলাকার মধ্যে পার্থক্য করা গুরুত্বপূর্ণ। যদি আপনার অবস্থানে সাধারণ জনগণের জন্য উন্মুক্ত এলাকা থাকে (যেমন একটি অভ্যর্থনা করার এলাকা বা লবি অথবা একটি পার্কিং লট), তাহলে অভিবাসন এজেন্টরা সাধারণ জনগণের মতোই সেই এলাকায় প্রবেশ করতে পারে। এই এলাকার সাধারণ জনগণের জন্য প্রযোজ্য একই নিয়মগুলি এই কর্মকর্তাদের ক্ষেত্রে প্রযোজ্য হবে—যদি অভিবাসন এজেন্টরা উপস্থিত লোকেদের শান্তি বিঘ্নিত করেন বা ভয় দেখান, তাহলে এজেন্সির কর্মীরা সেই আচরণ নথিভুক্ত করতে পারবেন, যার মধ্যে অফিসারদের নাম এবং ব্যাজ নম্বর এবং আপনার এজেন্সির কাজ করার সক্ষমতার উপর তাদের প্রভাব নথিভুক্ত করা অন্তর্ভুক্ত রয়েছে। এজেন্সি কর্মীরা এজেন্টদেরও জানাতে পারেন যে তারা সেই সাইটের কাজ ব্যাহত করছে এবং তাদের চলে যেতে বলতে পারেন।

যদি আপনার অবস্থানে এমন ব্যক্তিগত এলাকা থাকে যা সাধারণ জনগণের জন্য বন্ধ থাকে (যেমন অফিস, রোগীদের পরীক্ষা করার ঘর, ডরমিটরি স্থান, বাসিন্দাদের ঘর, কেসওয়ার্কারদের অফিস, গ্রাহকদের সাথে মিটিং করার ঘর অথবা বন্ধ রাখা বা "ব্যক্তিগত" বলে চিহ্নিত এবং ব্যক্তিগত হিসাবে বজায় রাখা কোনো এলাকা), তাহলে কর্মী সদস্যদের অভিবাসন কর্মকর্তাদের সেই ব্যক্তিগত এলাকায় প্রবেশের অনুমতি দেওয়ার প্রয়োজন নেই যদি না কর্মকর্তাটি একটি বৈধ বিচারালয়ের পরোয়ানা দেখান। একটি বিচারালয়ের পরোয়ানাতে একজন ফেডারেল বিচারকের স্বাক্ষর থাকে এবং এটি একটি প্রশাসনিক পরোয়ানা থেকে আলাদা যা হোমল্যান্ড সিকিউরিটি, ইমিগ্রেশন এবং কাস্টমস এনফোর্সমেন্ট বিভাগ অথবা বিচার বিভাগের সিল বহন করে এবং একজন অভিবাসন কর্মকর্তা দ্বারা স্বাক্ষরিত হয়। (এই নির্দেশিকার শেষে এই ধরনের নথির নমুনাগুলি অন্তর্ভুক্ত করা হয়েছে।)

মনে রাখবেন যে অভিবাসন বলবৎকরণ ICE অফিসাররা অথবা অন্যান্য ধরনের এজেন্ট দ্বারা পরিচালিত হতে পারে এবং তারা স্পষ্টভাবে নিজেদের পরিচয় নাও দিতে পারেন। তারা আপনার ফেসিলিটি বা আপনার কাছে থাকা তথ্যের অ্যাক্সেস চাওয়ার উদ্দেশ্য সম্পর্কে আগাম জানাতে বা স্পষ্ট ভাবে প্রকাশ করতে পারে বা নাও করতে পারে।

যেকোনো পরিস্থিতিতে, কর্মীদের কাউকে গোপন করা বা লুকানো উচিত নয়, অভিবাসন বলবৎকরণ এজেন্টদের কাছে ভুল তথ্য জানানো উচিত নয় এবং অভিবাসন এজেন্টদের কাজে শারীরিকভাবে হস্তক্ষেপ করা বা বাধা দেওয়ার চেষ্টা করা উচিত নয়। যদি কর্মকর্তারা জোর করে জনসাধারণের প্রবেশ বন্ধ থাকা এলাকায় প্রবেশ করে, তাহলে কর্মীদের শান্ত থাকা উচিত এবং কী ঘটেছে তা নথিভুক্ত করা উচিত।

## প্রঃ অভিবাসন কর্তৃপক্ষগুলি ফেসিলিটিগুলিতে প্রবেশাধিকার চাইলে আমার প্রতিষ্ঠান বা সত্তার কী করা উচিত?

**উঃ** এই ধরনের অনুরোধগুলি কীভাবে সামলানো যায় সে সম্পর্কে একটি নীতি তৈরি করার কথা বিবেচনা করুন, যা আপনার প্রতিষ্ঠানের জন্য উপযুক্ত। সেই নীতির অংশ হিসাবে, অভিবাসন এজেন্টরা আপনার সাইটে এলে বা তথ্যের জন্য আপনার এজেন্সির সাথে যোগাযোগ করলে আপনি একজন নির্দিষ্ট প্রশাসককে সামনের-সারির কর্মীদের (রিসেপশনিস্ট, নিরাপত্তা কর্মী, তত্ত্বাবধানকারী এবং অন্যান্যদের) যোগাযোগের কেন্দ্রবিন্দু হিসেবে মনোনীত করতে পারেন।

সেই যোগাযোগের কেন্দ্রীয় ব্যক্তি এজেন্টদের অনুরোধগুলি এবং তাদের উপস্থাপন করা যেকোনো কাগজপত্রের বৈধতা (ওয়ারেন্ট বা সমন) মূল্যায়ন করতে পারেন এবং আরো নির্দেশনার জন্য তাৎক্ষণিকভাবে আইনজীবীর সাথে পরামর্শ করতে পারেন। বেসরকারি এবং অলাভজনক প্রতিষ্ঠানগুলিকে নিয়মিতভাবে তাদের কর্মীদের প্রচলিত নীতিমালা, সার্বজনীন ও ব্যক্তিগত পরিসরের মধ্যে পার্থক্য এবং বিচারালয়ের পরোয়ানা বনাম প্রশাসনিক পরোয়ানা সম্পর্কে প্রশিক্ষণ দিতে উৎসাহিত করা হয়।

## প্রঃ অভিবাসন এজেন্টরা কি আমার এজেন্সি বা সত্তার কর্মীদেরকে একটি সার্বজনীন এলাকায় প্রশ্ন করতে পারেন?

**উঃ** হ্যাঁ, তবে সেই ব্যক্তিদের জানা উচিত যে তাদের নীরব থাকার এবং প্রশ্নের উত্তর না দেওয়ার অধিকার রয়েছে। যদি সশরীরে জিজ্ঞাসাবাদ করা হয়, তাহলে কর্মীরা জানাতে চাইতে পারেন যে তারা চাইলে চলে যেতে পারার জন্য স্বাধীন কিনা।

যদি উত্তরে হ্যাঁ বলা হয়, তাহলে তারা চলে যেতে পারেন আর তাদের প্রশ্নগুলির উত্তর দেবার দরকার নেই। যদি তাদের বলা হয় যে তারা চলে যাবার জন্য স্বাধীন নন, তাহলে কর্মীদের জানা উচিত যে তারা একজন আইনজীবীর সাথে কথা বলতে চাইতে পারেন এবং অন্যথায় নীরব থাকতে পারেন। সর্বোপরি, যদি এজেন্সির কর্মীরা অভিবাসন এজেন্টদের প্রশ্নের উত্তর দিতে চান, তাহলে তাদের অবশ্যই কোনো ভুল উপস্থাপনা এড়ানো বিষয়ে সতর্ক থাকতে হবে।

## প্রঃ এজেন্সি গ্রাহকদের বা বাসিন্দাদের সম্পর্কে তথ্য জানার জন্য অনুরোধ করার ক্ষেত্রে কর্মীদের কীভাবে প্রতিক্রিয়া জানানো উচিত?

**উঃ** তথ্য জানার জন্য অনুরোধ বিভিন্ন রূপে হতে পারে, ফোন কল বা ইমেইল থেকে শুরু করে বিভিন্ন ধরনের আনুষ্ঠানিক সমন পর্যন্ত।

প্রতিষ্ঠান এবং সত্তাগুলিকে উৎসাহিত করা হচ্ছে যে তারা যেন ফোন এবং ইমেইল অ্যাকাউন্ট পর্যবেক্ষণকারী সমস্ত কর্মীদের প্রশিক্ষণ দেন যাতে তারা তথ্যের জন্য যেকোনো অনুরোধ (কোনো ব্যক্তি বাসিন্দা, রোগী, গ্রাহক, ইত্যাদি কিনা তা সহ) মনোনীত প্রশাসকদের কাছে পাঠাতে পারেন যারা পরে আইনজীবীর সাথে পরামর্শ করতে পারবেন। এর ফলে কোনো ব্যক্তির ব্যক্তিগত তথ্যের অননুমোদিত বা বেআইনিভাবে প্রকাশিত হওয়া আটকানো যাবে। যদি কোনো সত্তা স্বেচ্ছায় তথ্য জানাবার জন্য অনুরোধ পায়, তাহলে মনোনীত প্রশাসককে মূল্যায়ন করতে উৎসাহিত করা হয় যে স্টেট বা ফেডারেল গোপনীয়তা আইন লঙ্ঘন না করে অনুরোধটি মেনে চলা সম্ভব কিনা এবং অনুরোধকৃত তথ্য প্রদান এজেন্সির অভাবগ্রস্ত ব্যক্তিদের পরিষেবা বা সহায়তা প্রদানের মূল লক্ষ্যকে প্রভাবিত করবে কিনা। কর্মীদের অভিবাসন এজেন্টদের দ্বারা উপস্থাপিত নথিপত্রের কপি তৈরি করা উচিত। যদি অনুরোধটি মৌখিকভাবে করা হয়ে থাকে, তাহলে এজেন্সি কর্মীদের অনুরোধটি নথিভুক্ত করা উচিত।

যদি কোনো সত্তা একটি সমন বা তথ্য জানাবার জন্য অন্য কোনো দাবি পায়, তাহলে এই দাবিটি আপনার প্রতিষ্ঠানের আইনি পরামর্শদাতার কাছে পাঠানো উচিত, যিনি কীভাবে প্রতিক্রিয়া জানাতে হবে তা মূল্যায়ন করতে পারেন। কিছু ক্ষেত্রে, আইনজীবী সমনের জবাব দেওয়ার পরামর্শ দিতে পারেন, আবার কিছু ক্ষেত্রে, আইনজীবী নিরূপণ করতে পারেন যে কিছু ক্ষেত্রে সমনটিতে ত্রুটি আছে। এই কারণে, প্রতিক্রিয়া জানানোর চেষ্টা করার আগে আপনার প্রতিষ্ঠানের আইনজীবীর কাছে সমনটির তথ্য উল্লেখ করা গুরুত্বপূর্ণ।

## অতিরিক্ত পঠনসামগ্রী

- » **এক্সিকিউটিভ অর্ডার 170.1:** https://www.governor.ny.gov/sites/default/files/atoms/files/EO_170.1.pdf
- » **আর্কাইভ করে রাখা বাইডেন প্রশাসনের DHS স্মারকলিপি:** https://www.dhs.gov/archive/news/2021/10/27/secretary-mayorkas-issues-new-guidance-enforcement-action-protected-areas
- » **ট্রাম্প প্রশাসনের DHS নির্দেশিকা:** https://www.dhs.gov/news/2025/01/21/statement-dhs-spokesperson-directives-expanding-law-enforcement-and-ending-abuse
- » **নিউ ইয়র্ক গভর্নরের অফিস, অফিস অফ দ্য নিউ ইয়র্ক স্টেট অ্যাটর্নি জেনারেল এবং নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ এডুকেশনের নির্দেশিকা:** https://www.nysed.gov/sites/default/files/oag-go-sed-immigration-students.pdf
- » **ন্যাশনাল ইমিগ্রেশন ল সেন্টারের তথ্যপত্র:** https://www.nilc.org/resources/factsheet-trumps-rescission-of-protected-areas-policies-undermines-safety-for-all
- » **নিউ ইয়র্ক লয়ার্স ফর পাবলিক ইন্টারেস্ট এবং লয়ার্স অ্যালায়েন্স ফর নিউ ইয়র্ক এর পক্ষ থেকে অলাভজনক প্রতিষ্ঠানগুলির জন্য প্রদত্ত আদর্শ আচরণবিধি:** https://www.nylpi.org/wp-content/uploads/2025/01/Guidance-to-Nonprofits-Regarding-Immigration-Enforcement-1.pdf